ইনকিলাব

JAN. 23 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ... ৩.....

# ব্যানবেইসের ওয়েবসাইট চালুর সিদ্ধান্ত একটি যুগান্তকারী পদক্ষেপ

## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক শিক্ষা সংক্রান্ত তথ্য ও উপাত্ত সব সময় হাল নাগাদ রেখে দেশে শিক্ষার উন্নয়ন সংক্রান্ত সকল পরিকল্পনা প্রণয়নে অবদান রাখতে শিক্ষা তথ্য বিভাগের কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানিয়েছেন। মন্ত্রী রোববার ঢাকায় বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর ওয়েব সাইটের উদ্বোধন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন।

অনুষ্ঠানে শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহসানুল হক মিলন, শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টু, শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম এবং ব্যানবেইস পরিচালক অধ্যাপক আবদুস সালাম বক্তৃতা করেন।